

# সমকাল

## এক বছর ধরে বন্ধ নার্স নিবন্ধন পরীক্ষা

১৪ ঘণ্টা আগে

---

সমকাল প্রতিবেদক

---



ফাইল ছবি

এক বছর ধরে বন্ধ রয়েছে নার্সদের কম্প্রিহেনসিভ লাইসেন্স বা নিবন্ধন পরীক্ষা। তাই এক বছর আগে পরীক্ষা শেষ হলেও নার্স হিসেবে স্বীকৃতি পাচ্ছেন না আট হাজারেরও বেশি শিক্ষার্থী। এ পরিস্থিতিতে শনিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে পরীক্ষা বন্ধ থাকার প্রতিবাদ এবং দ্রুত নিবন্ধন দেওয়ার দাবিতে মানববন্ধনের আয়োজন করেন তারা। লাইসেন্সিং পরীক্ষা বাস্তবায়ন সংগ্রাম পরিষদের উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়।

এ সময় তাদের দাবি দ্রুত বাস্তবায়ন না হলে আরও বড় কর্মসূচি দেবেন বলেও তারা হুঁশিয়ারি দেন। সমাবেশে তারা জানান, কারিগরি শিক্ষা বোর্ডের এক মামলার জেরে তাদের নিবন্ধন পরীক্ষা স্থগিত রয়েছে।